গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স
ভবন-২ (লেভেল- ৪, ৫, ৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।

তারিখ : ৩০ আগস্ট, ২০২৩ খ্রি.

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ৩০/০৮/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ রোজ বুধবার বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব বি. এম. মশিউর রহমান এর নেতৃত্বে চট্টগ্রাম জেলায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানের শুরুতে পশ্চিম বাকলিয়া এলাকার **'মেসার্স ফুলকলি ফুড প্রোডাক্টস'-** নামক প্রতিষ্ঠানটির উৎপাদনস্থলটি অত্যন্ত নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যদ্রব্য উৎপাদন করতে দেখা যায়। এছাড়াও প্রতিষ্ঠানে বিক্রয়ের উদ্দেশ্যে মজুদকৃত বেশকিছু খাদ্যপণ্যের যথাযথ লেবেলিং করতে দেখা যায় নি। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা অর্থদন্ড প্রদান এবং তাৎক্ষণিক তা আদায় করা হয়।

অভিযানটি যথাক্রমে মোহাম্মদপুর রোড, মুরাদপুর এলাকায় **'বারকোড'-** নামক প্রতিষ্ঠানটির কেন্দ্রীয় রান্নাঘরটিতে মানব স্বাস্থ্যের জন্য ক্ষতিকর উপায়ে খাদ্য উৎপাদন ও মজুদ করতে দেখা যায়। তাদের হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স, ফায়ার লাইসেন্স, প্রিমিসেস লাইসেন্স, কর্মচারীদের স্বাস্থ্য সনদ, পরিবেশের ছাড়পত্র, পানি পরীক্ষার সনদ ও পেস্ট কন্ট্রোল এর প্রমানক প্রদর্শনে ব্যর্থ হয়। এ সকল অপরাধে নিরাপদ খাদ্য আইন ২০১৩ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা অর্থদন্ড প্রদান এবং তাৎক্ষণিক তা আদায় করা হয়।

অভিযান পরিচালনাকালে **'মেসার্স ফুলকলি ফুড প্রোডাক্টস' এবং 'বারকোড'** উভয় প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে খাদ্যদ্রব্য উৎপাদন, সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, মজুদ ও বিক্রয়ে নিরাপদ খাদ্য আইনের সংশ্লিষ্ট বিধি অনুযায়ী পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, খাদ্য সংরক্ষন ও ভোক্তাদের স্বাস্থ্য ঝুঁকি এড়াতে নিয়ম মানতে নির্দেশনা দেয়া হয় এবং নিরাপদ খাদ্য নিশ্চিতকরণে করণীয় সম্পর্কে দিকনির্দেশনা সংবলিত পোস্টার প্রদান করা হয়।

অভিযানকালে জনাব মোহাম্মদ ফারহান ইসলাম, নিরাপদ খাদ্য অফিসার, চট্টগ্রাম, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ; জনাব মোহাম্মদ ইমরান হোসেন মোল্লা, মনিটরিং অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ; জনাব মো: ইয়াছিনুল হক চৌধুরী, নিরাপদ খাদ্য পরিদর্শক, চট্টগ্রাম ও বাংলাদেশ নিরাপদ খাদ্যের অন্যান্য সাপোর্ট স্টাফ এবং চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দের একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।

(ড. সহদেব চন্দ্র সাহা)
পরিচালক
খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ
ই-মেইল: director.enforcement@bfsa.gov.bd
ফোনঃ ০২-২২২২২৭৬৮৫

**বিতরণঃ**

১। সদস্য (আইন ও নীতি), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৩। পরিচালক, খাদ্যের বিশুদ্ধতা পরিবীক্ষণ ও বিচারিক কার্যক্রম বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৪। পিএস টু চেয়ারম্যান, (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
৫। সহকারী পরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। অফিস কপি।